# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**বিষয় ঃ** হিসাববিজ্ঞান ১ম পত্র **(সৃজনশীল)** বিষয় কোড | ২ | ৫ | ৩ |

**সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট** **পূর্ণমান—৭০**

[ বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পুর্ণমান ১০।)

## ক বিভাগ

১.▶ মি. রতন ট্রেডার্স-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিচে দেয়া হলো:

**রতন ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০১৬**

| বিবরণ | ডেবিট টাকা | বিবরণ | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ১৫,০০০ | মূলধন | ৪০,০০০ |
| উত্তোলন | ৫,০০০ | ৫% ঋণ (১.৭.১৬) | ২০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ৩০,০০০ | বিক্রয় (ফেরতসহ) | ৫১,৭৫০ |
| প্রারম্ভিক মজুদপণ্য | ১০,০০০ | প্রদেয় হিসাব | ৫,৭৫০ |
| পণ্য ক্রয় (ফেরতসহ) | ৩৪,৫০০ | অনাদায়ী দেনা সঞ্চিতি | ২,৫০০ |
| মজুরি | ৪,০০০ | | |
| বেতন | ৬,০০০ | | |
| প্রাপ্য হিসাব | ১৪,০০০ | | |
| বিজ্ঞাপন | ১,০০০ | | |
| বিমা খরচ | ৫০০ | | |
| | ১,২০,০০০ | | ১,২০,০০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদপণ্য ১৪,০০০ টাকা যার মধ্যে আগুনে বিনষ্ট ৪,০০০ টাকা, বিমা কোম্পানি ৩,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। ii. বাকিতে পণ্য বিক্রয় ২,৩০০ টাকা হিসাবভুক্ত হয়নি। iii. প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখতে হবে। iv. বিজ্ঞাপন খরচ ১/২ পরবর্তী বছরের বিলম্বিত করতে হবে।

ক. ফ্যাট চলতি হিসাব তৈরি করো। ২

https://teachingbd24.com

খ. মোট লাভ নির্ণয় করো। ৪

গ. মোট লাভ ২৭,০০০ টাকা ধরে চলতি বছরের নিট লাভ বা ক্ষতি নির্ণয় করো। ৪

২. ► কিরণ ব্রাদার্স
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৮০,০০০ |
| উত্তোলন | ১০,০০০ | |
| হাতে নগদ | ৩০,০০০ | |
| ইজারা সম্পত্তি (২০ বছর) | ৬০,০০০ | |
| ৫% ঋণ (১.৭.২০১৬) | | ৪০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ | |
| পণ্য ক্রয় (ভ্যাটসহ) | ৬৯,০০০ | |
| পণ্য বিক্রয় (ভ্যাটসহ) | | ১,০৩,৫০০ |
| মজুরি | ৮,০০০ | |
| বেতন | ১২,০০০ | |
| দেনাদার | ২৮,০০০ | |
| পাওনাদার | | ১১,৫০০ |
| অনাদায়ী পাওনা | ২,০০০ | |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | | ৪,০০০ |
| | ২,৩৯,০০০ | ২,৩৯,০০০ |

সমন্বয়সমূহ: i. সমাপনী মজুদ পণ্য ২৮,০০০ টাকা যার মধ্যে আগুনে বিনষ্ট ৮,০০০ টাকা। বিমা কোম্পানি ৬,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে। ii. বাকিতে পণ্য বিক্রয় ৪,৬০০ টাকা হিসাবভুক্ত হয়নি। iii. দেনাদারের ওপর ৫% অনাদায়ী দেনা সঞ্চিতির ব্যবস্থা করো। iv. পাওনাদারের ওপর ২% বাট্টা সঞ্চিতি রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাব তৈরি করো। ২

খ. মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪

গ. মোট লাভ ৩২,০০০ টাকা হলে নিট লাভ বা ক্ষতি কত হবে? ৪

https://teachingbd24.com

## খ বিভাগ

৩.▶ ২০১৬ সালের আগস্ট মাসে আসগর বস্ত্র বিতান নামক ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| আগস্ট | ৫ | জনাব আলিমের নিকট ২০০ গজ থান কাপড় প্রতি গজ ১৫০ টাকা দরে বিক্রয় করা হলো। শর্ত ২/১০, নিট/৩০। বাট্টা ২%, চালান নং-০৫। |
| " | ১০ | জনাব আলিমের নিকট ২০০ হতে ৫০ গজ কাপড় ছেঁড়া হওয়ায় ফেরত আসল। ক্রেডিট নোট নং-০৮। |
| " | ১৪ | জনাব আলিমের নিকট হতে সমুদয় টাকা পাওয়া গেল। |
| " | ২০ | মুন্সী ব্রাদার্স এর নিকট হতে ১২,০০০ টাকার পণ্য ফেরত আসল। ক্রেডিট নোট নং-০৯। |
| " | ২৫ | কাজী স্টোরস এর নিকট ২০,০০০ টাকার পণ্য বিক্রয়। চালান নং ০৬। |
| " | ৩০ | কাজী স্টোরস এর নিকট হতে পণ্য ফেরত আসল ৪,০০০ টাকা। ক্রেডিট নোট-১০। |

ক. যে সকল লেনদেন বিক্রয় ফেরত জাবেদায় লিপিবদ্ধ হবে না তার জাবেদা দাখিলা দাও। ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে আসগর বস্ত্র বিতান এর বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

গ. আগস্টের ১০ তারিখের লেনদেনের ভিত্তিতে একখানা ক্রেডিট নোট প্রস্তুত করো। ৪

৪.▶ ২০১৬ সালের ১ এপ্রিল তারিখে জনাব আলম নগদ ৮০,০০০ টাকা, ৪০,০০০ টাকার ঋণ নিয়ে কারখানা আরম্ভ করেন। উক্ত মাসে তার কারবারে নিম্নোক্ত লেনদেন সংগঠিত হয়।

| | | |
|---|---|---|
| এপ্রিল | ২ | নগদে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা। |
| " | ৫ | বাকিতে সাপ্লাইজ ক্রয় ১০,০০০ টাকা। |
| " | ১০ | মোট সেবা প্রদান ৩০,০০০ টাকা যার মধ্যে ১২,০০০ টাকা নগদে পাওয়া গেল। |
| " | ১৫ | বিজ্ঞাপন বাবদ প্রদান ৪,০০০ টাকা। |
| " | ২০ | ৫ তারিখে ধারে ক্রয়কৃত সাপ্লাইজ অর্ধ পরিশোধ |
| " | ২৫ | ঋণ পরিশোধ করা হলো ৬,০০০ টাকা। |
| " | ৩০ | সাপ্লাইজ ব্যবহৃত হয়েছে ৪,০০০ টাকা। |

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

Teachingbd24.com

খ. এপ্রিল ১, ২, ৫ ও ১০ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে কিভাবে প্রভাব বিস্তার করে দেখাও এবং প্রমাণ করো যে, A = L + OE. ৪

গ. এপ্রিল ১৫, ২০, ২৫ ও ৩০ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাও। ৪

৫.► ২০১৭ সালের ফেব্রুয়ারি মাসে জনাব হাসান ব্যবসায়ে নগদ উদ্বৃত্ত ছিল ৮০,০০০ টাকা। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্নোক্ত নগদ লেনদেনগুলো সংঘটিত হয়।

| | | |
|---|---|---|
| ফেব্রু. | ১ | কাদেরের নিকট হতে অর্থ পাওয়া গেল ৭,০০০ টাকা। |
| " | ৬ | অনাদায়ী পাওনা আদায় করা হলো ৩,৬০০ টাকা। |
| " | ১০ | মালিক তার ব্যক্তিগত সাইকেল বিক্রি করে ২০,০০০ টাকা ব্যবসায়ে প্রদান করেন। |
| " | ১৭ | ৫% কারবারি বাট্টায় ১৪,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলো। |
| " | ২৩ | পুরাতন আসবাবপত্র বিক্রি করে ২,৫০০ টাকা পাওয়া গেল। |
| " | ২৫ | কমিশন পাওয়া গেল ৩,০০০ টাকা। |
| " | ২৭ | হাশিমের নিকট থেকে ১২,০০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তিতে ২% বাট্টায় আদায় করা হলো। |
| " | ২৮ | ১৫% কারবারি বাট্টায় ৮,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলো। |

ক. কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় করো। ২

খ. জনাব হাসানের নগদ প্রাপ্তি জাবেদা করো। ৪

গ. কাদের ও হাশেমের খতিয়ান প্রস্তুত করো। ৪

৬.► জনাব সৈকত অগ্রদত্ত পদ্ধতিতে তার খুচরা নগদান বই সংরক্ষণ করেন। ২০১৬ সালে মার্চ মাসে তার খুচরা খরচের তথ্যাবলি নিম্নরূপ ছিল:

| ২০১৬ | | | |
|---|---|---|---|
| মার্চ. | ১ | খুচরা নগদ তহবিল | ১,০০০ টাকা |
| " | ১ | অগ্রদত্ত টাকার অঙ্ক পূরণের চেক প্রাপ্তি | ১,০০০ টাকা |
| " | ৩ | কাগজ ক্রয় | ২০০ টাকা |
| " | ৪ | কুলি খরচ | ১০০ টাকা |
| " | ১০ | ফাইল ক্রয় | ১৫০ টাকা |
| " | ১৮ | চা ও কফি | ৫০ টাকা |
| " | ২৮ | ভ্যান ভাড়া | ৪০ টাকা |
| " | ৩০ | দান ও খয়রাত | ৩০ টাকা |

ক. অগ্রদত্ত টাকার পরিমান নির্ণয় করো। ২

খ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই তৈরি করো। ৪

গ. জাবেদা দাখিলা দাও। ৪

Teachingbd24.com

৭.▶ আদিল ট্রেডার্সের ২০১৫ সালের প্রাপ্য হিসাব সংক্রান্ত তথ্যাবলি নিম্নে দেয়া হলো:

| হিসাবের নাম | ২০১৫ | ২০১৬ |
|---|---:|---:|
| অনাদায়ী পাওনা সঞ্চিতি (১.১.১৫) | ৪,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৭৫,০০০ | ৬০,০০০ |
| অনাদায়ী পাওনা (অবলোপন) | ৫,০০০ | ৩,০০০ |
| অনাদায়ী পাওনা সঞ্চিতি | ৫% | ১০% |

ক. ২০১৫ ও ২০১৬ সালের অনাদায়ী পাওনা খরচের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ ও ২০১৬ সালের অনাদায়ী পাওনা হিসাব প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ ও ২০১৬ সালের অনাদায়ী পাওনা সঞ্চিতি হিসাব প্রস্তুত করো। ৪

৮.▶ সাগরিকা ট্রেডার্স-এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্ত ছিল নিম্নরূপ:

| হিসাবের নাম | টাকা |
|---|---:|
| সুনাম | ৪৫,০০০ |
| সঞ্চিতি তহবিল | ৭২,০০০ |
| প্রাপ্য হিসাব | ৬০,০০০ |
| ব্যাংক চার্জ | ৬০০ |
| প্রদেয় হিসাব | ৪৫,০০০ |
| কমিশন প্রাপ্তি | ২০,০০০ |
| বিলম্বিত বিজ্ঞাপন | ২৫,০০০ |
| প্রাপ্য ভাড়া | ৫,০০০ |
| প্যাটেন্ট | ৬০,০০০ |
| অগ্রিম শিক্ষানবিশ সেলামি | ১৫,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ১,৯০,০০০ |
| বিক্রয় | ৪,৮০,০০০ |
| সমন্বিত ক্রয় | ৩,৭৫,০০০ |
| ৫% বিনিয়োগ | ২,৬০,০০০ |
| নগদ তহবিল (৩১.১২.১৬) | ৯০,০০০ |
| উত্তোলনের সুদ | ১০,০০০ |
| অনাদায়ী পাওনা | ৯,০০০ |
| মূলধনের সুদ | ১২,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৭৫,০০০ |
| মূলধন | ৪,১৪,৬০০ |
| আমিরকে প্রদত্ত ঋণ | ২০,০০০ |
| আসবাবপত্র | ৩২,০০০ |
| বকেয়া বেতন | ১০,০০০ |

https://teachingbd24.com

ক. অস্পর্শনীয় সম্পদের পরিমাণ নির্ণয় করো। ২
খ. রেওয়ামিল প্রস্তুত করো। ৪
গ. চলতি সম্পদ ও চলতি দায়ের পার্থক্য দেখাও। ৪

৯.► জামিল কোং-এর ব্যাংক সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ:

১. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই মোতাবেক ব্যাংক জমার পরিমাণ ২০,০০০ টাকা।
২. সোনিয়া নামক একজন দেনাদার ৫০,০০০ টাকা সরাসরি ব্যাংকে জমা দেয় যা নগদান বইতে লেখা হয়নি।
৩. ৪,০০০ টাকার প্রাপ্য বিল ৩,৯২০ টাকায় বাট্টা করে নগদান বইতে পূর্ণমূল্য লিখা হয়েছে।
৪. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ১০০ টাকা ও চার্জ ৫০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।
৫. ১২,০০০ টাকার চেক ব্যাংকে জমা দেয়া হয়েছে যা এখনও ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়নি।
৬. ৮,০০০ টাকার চেক ইস্যু করা হয়েছে কিন্তু আদায়ের জন্য ব্যাংকে উপস্থাপিত হয়নি।
৭. লভ্যাংশ বাবদ ব্যাংক সরাসরি আদায় করেছে ১,১০০ টাকা যা নগদান বইতে লেখা হয়নি।

ক. ২ ও ৭ নং দফার জাবেদা লিখ। ২
খ. একটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪
গ. ব্যাংকে জমাকৃত চেক ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হলে ব্যাংক বিবরণী মোতাবেক উদ্বৃত্ত কত টাকা হবে। ৪

১০.► নিচের রেওয়ামিলটি মুহিব ট্রেডার্স-এর হিসাব বই থেকে নেয়া হয়েছে:

| ক্রমিক নং | হিসাবের নাম | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | মূলধন | | | ৫০,০০০ |
| ২. | উত্তোলন | | ১৫,০০০ | |
| ৩. | ক্রয় | | ১৫,০০০ | |
| ৪. | বিক্রয় | | | ৩০,০০০ |
| ৫. | বেতন | | ৫,০০০ | |
| ৬. | ভাড়া | | ২,০০০ | |
| ৭. | প্রাপ্য হিসাব | | ৪৮,০০০ | |
| ৮. | প্রদেয় হিসাব | | | ৫,০০০ |
| | | | ৮৫,০০০ | ৮৫,০০০ |

https://teachingbd24.com

সমন্বয়সমূহ : i. বেতন ১০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে। ii. ধারে বিক্রয় ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। iii. ভাড়া ৫০০ টাকা বকেয়া রয়েছে। iv. প্রাপ্য হিসাব ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়।

ক. বছর শেষে মুনাফা জাতীয় ব্যয় কত? ২

খ. প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দেখাও। ৪

গ. নগদের বিশিষ্ট কার্যপত্র তৈরি করো। ৪

১১. ► জনাব আসাদ একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন। তার হিসাব বহির খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ:

| বিবরণ | ১-১-১৫ | ৩১-১২-১৫ |
|---|---|---|
| নগদ তহবিল | ১২,০০০ | ২০,০০০ |
| ব্যাংক জমা | ২৫,০০০ | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব | ১,০০,০০০ | ৮০,০০০ |
| মজুদ পণ্য | ১৮,০০০ | ৩৮,০০০ |
| আসবাবপত্র | ১০,০০০ | ১০,০০০ |
| দালানকোঠা | ৩০,০০০ | ৩০,০০০ |
| প্রদেয় হিসাব | ৬০,০০০ | ৩৫,০০০ |

আসাদ প্রত্যেক মাসে ৫০০ টাকা করে নগদ এবং মোট ৮০০ টাকার পণ্য উত্তোলন করেন। উত্তোলিত টাকা হতে ২,০০০ টাকা দিয়ে তিনি প্রতিষ্ঠানের জন্য একটি কম্পিউটার ক্রয় করেন। তাছাড়া আসাদ তার ব্যক্তিগত ব্যবহৃত সোনার চেইন বিক্রি করে ১,০০০ টাকা প্রতিষ্ঠানে বিনিয়োগ করেন। প্রাপ্য হিসাবের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট টাকার ওপর ৩% অনাদায়ী পাওনা সঞ্চিতি তৈরি করাতে হবে। আসবাবপত্র ও দালানের ওপর ১০% ও ৫% অবচয় ধার্য করো। প্রারম্ভিক মূলধনের ওপর ৫% সুদ ধার্য করো।

ক. নিট উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালে প্রারম্ভিক মূলধন ১,৩৫,০০০ টাকা ও সমাপনী মূলধন ১,৭৩,০০০ টাকা হলে নিট লাভ/ক্ষতি নির্ণয় করো। ৪

গ. বিষয় বিবরণী প্রস্তুত করো। ৪

https://teachingbd24.com

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৩ |

বহুনির্বাচনি অভীক্ষা

সময় ঃ ৩০ মিনিট — পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. ব্যাংক আমানতকারীর আমানতের উপর মঞ্জুর করে—
   i. মুনাফা
   ii. লভ্যাংশ
   iii. সুদ

   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii　খ i ও iii
   গ ii ও iii　ঘ i, ii ও iii

২. ব্যাংক সমন্বয় বিবরণী কে তৈরি করেন?
   ক আমানতকারী　খ নিরীক্ষক
   গ ব্যাংক　ঘ পাওনাদার

৩. পাস বইয়ের সাথে নগদান বইয়ের সম্পর্ক কিরূপ?
   ক সমধর্মী　খ ঘনিষ্ঠ সম্পর্ক
   গ বিপরীতধর্মী　ঘ সম্পর্ক নেই

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।

রিয়া কোম্পানির ২০১৬ সালের বিজ্ঞাপন বাবদ ব্যয় হয় ১৫,০০০ টাকা। বিনামূল্যে পণ্য বিতরণের পরিমাণ ছিল ৫,০০০ টাকা। প্রতিষ্ঠান বিজ্ঞাপন ব্যয়ের $\frac{১}{৪}$ অংশ অবলোপনের সিদ্ধান্ত নেয়।

৪. কার্যপত্রে সমন্বিত রেওয়ামিলে বিজ্ঞাপন ব্যয় কত টাকা প্রদর্শিত হবে?
   ক ৫,০০০　খ ১০,০০০
   গ ১৫,০০০　ঘ ২০,০০০

৫. আর্থিক অবস্থার বিবরণীতে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত দেখাতে হবে?
   ক ৫,০০০　খ ১০,০০০
   গ ১৫,০০০　ঘ ২০,০০০

৬. সমাপনী দাখিলার পর কোন হিসাবের জের শূন্য হয়?
   ক বকেয়া বেতন　খ অগ্রিম ভাড়া
   গ পুঞ্জীভূত অবচয়　ঘ বিমা প্রিমিয়াম

৭. বিলম্বিত খরচের উদাহরণ হলো—
   i. বিলম্বিত বিজ্ঞাপন খরচ
   ii. নতুন পণ্যের গবেষণা ও উন্নয়ন খরচ
   iii. প্রাথমিক খরচ

   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii　খ i ও iii
   গ ii ও iii　ঘ i, ii ও iii

৮. কোনটি উদ্বৃত্ত পত্রে প্রদর্শিত হয় না?
   ক গোপন সঞ্চিতি　খ সাধারণ সঞ্চিতি
   গ বিশেষ সঞ্চিতি　ঘ মূলধন সঞ্চিতি

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।

প্রারম্ভিক মজুদ ১৫,০০০ টাকা, ক্রয় ৪৫,০০০ টাকা, মজুরি ১২,০০০ টাকা, কারখানা ভাড়া ৩,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ২২,০০০ টাকা।

৯. সমন্বিত ক্রয়ের পরিমাণ কত?
   ক ৩৩,০০০　খ ৩৮,০০০
   গ ৪৮,০০০　ঘ ৫৩,০০০

১০. যদি বিক্রয়ের পরিমাণ ৭০,০০০ টাকা হয় তাহলে মোট মুনাফা কত?
   ক ৩২,০০০　খ ২৯,০০০
   গ ২০,০০০　ঘ ১৭,০০০

১১. দুতরফা দাখিলা পদ্ধতি স্বীকৃত—
   ক I.A.S　খ F.A.S.B
   গ A.I.C.P.A　ঘ G.A.A.P

উদ্দীপকটি পড়ো এবং ১২ নং প্রশ্নের উত্তর দাও।

মি. আসাদ চেকের মাধ্যমে ১,০০,০০০ টাকার পণ্য বিক্রয় করেন। তিনি চেকটি তার নিজস্ব ব্যাংক হিসাবে আদায়ের জন্য জমা করেন। পরবর্তীতে চেকটি অমর্যাদাকৃত হয়ে ফেরত আসে।

১২. মি. আসাদের অমর্যাদাকৃত চেকটি কোন বইতে লিপিবদ্ধ হবে?
   ক নগদান বই　খ ক্রয় বই
   গ বিক্রয় বই　ঘ বহিঃফেরত বই

১৩. মি. আসাদের চেক অমর্যাদার লেনদেনটি প্রভাবিত করবে—
   i. প্রদেয় হিসাব
   ii. প্রাপ্য হিসাব
   iii. ব্যাংক হিসাব

   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii　খ ii ও iii
   গ i ও iii　ঘ i, ii ও iii

১৪. তিনঘরা নগদান বইতে জের নির্ণয় করা হয়—
   i. নগদ কলামের
   ii. ব্যাংক কলামের
   iii. বাট্টা কলামের

   নিচের কোনটি সঠিক?
   ক i ও ii　খ i ও iii
   গ ii ও iii　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।

রানি ট্রেডার্স ২০১৭ সালের ১ মার্চ তারিখে ১,০০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় ক্রয় করেন। এক সপ্তাহ পর উক্ত মালের মূল্যের অর্ধেক ১০% বাট্টায় পরিশোধ করে।

১৫. রানি ট্রেডার্সের বাট্টার পরিমাণ কত?
   ক ৪,৫০০ টাকা　খ ৯,৫০০ টাকা
   গ ১০,০০০ টাকা　ঘ ২০,০০০ টাকা

১৬. মূল্য পরিশোধের পর দায় কত টাকা?
   ক ৪০,০০০ টাকা　খ ৪০,৫০০ টাকা
   গ ৪২,০০০ টাকা　ঘ ৪৫,০০০ টাকা

Teachingbd24.com

https://teachingbd24.com

১৭. নিচের কোনটি হিসাব চক্রের প্রথম ধাপ?
ক) জাবেদা খ) লেনদেন সনাক্তকরণ
গ) খতিয়ান ঘ) রেওয়ামিল

১৮. প্রদত্ত বাট্টা কিভাবে হিসাবকে প্রভাবিত করে?
ক) খরচ বাড়ে ও সম্পদ কমে
খ) আয় বাড়ে ও সম্পদ কমে
গ) খরচ কমে ও দায় বাড়ে
ঘ) আয় কমে ও দায় বাড়ে

১৯. বিক্রয় জাবেদা থেকে জানা যায়—
i. মোট-দেনাদারের পরিমাণ
ii. মোট ধারে বিক্রয়ের পরিমাণ
iii. মোট বিক্রয়ের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২০. নগদান বই হলো—
i. জাবেদা
ii. খতিয়ান
iii. জাবেদা ও খতিয়ান উভয়ই
নিচের কোনটি সঠিক?
ক) i খ) iii
গ) i ও ii ঘ) i, ii ও iii

২১. রাখালকে প্রদত্ত বাট্টা কোন ধরনের বাট্টা?
ক) কারবারি বাট্টা খ) হারানো বাট্টা
গ) পরিমাণ বাট্টা ঘ) নগদ বাট্টা

২২. কর্মচারীদের বেতন পরিশোধ করা হলে এটি হিসাব সমীকরণে কী প্রভাব ফেলবে?
ক) স্বত্বাধিকার, সম্পদ বৃদ্ধি
খ) স্বত্বাধিকার বৃদ্ধি, সম্পদ হ্রাস
গ) স্বত্বাধিকার হ্রাস, সম্পদ হ্রাস
ঘ) দায় হ্রাস, সম্পদ হ্রাস

২৩. পুরাতন আসবাবপত্র মেরামত বাবদ মজুরি প্রদান করা হলে কোন হিসাবটি ডেবিট হবে?
ক) মেরামত খ) আসবাবপত্র
গ) মজুরি ঘ) বিবিধ খরচ

২৪. অনন্যার নিকট থেকে ২০০ টাকা পেয়ে তার হিসাবকে ডেবিট করা হয়েছে এর সংশোধনী জাবেদা হবে—
ক) অনিশ্চিত হিসাব Dr ২০০
অনন্যা হিসাব Cr ২০০
খ) অনন্যা হিসাব Dr ২০০
অনিশ্চিত হিসাব Cr ২০০
গ) অনিশ্চিত হিসাব Dr ৪০০
অনন্যা হিসাব Cr ৪০০
ঘ) অনন্যা হিসাব Dr ৪০০
অনিশ্চিত হিসাব Cr ৪০০

**উদ্দীপকটি পড়ো এবং ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব মামুন একজন ব্যবসায়ী। তিনি রাখালের নিকট ৫০,০০০ টাকার মাল বিক্রয় করে নগদ ৫,০০০ টাকা এবং ১০,০০০ টাকার একটি চেক পেলেন। পরবর্তীতে তিনি জনাব রাখালকে ৫০০ টাকার বাট্টা প্রদান করে অবশিষ্ট অর্থ নগদে গ্রহণ করেন।

২৫. ধারে বিক্রয়ের পরিমাণ কত?
ক) ৩৪,৫০০ টাকা খ) ৩৫,০০০ টাকা
গ) ৪৪,৫০০ টাকা ঘ) ৪৫,০০০ টাকা

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব রহমান তার ব্যবসায়ের হিসাব এক তরফা দাখিলা পদ্ধতিতে রাখেন। ২০১৬ সালে তার প্রারম্ভিক ও সমাপনী মূলধন ছিল যথাক্রমে ২,০০,০০০ ও ৩,০০,০০০ টাকা। উক্ত বছরে তিনি নগদ ২০,০০০ টাকা উত্তোলন করেন। এবং নগদ ৫,০০০ টাকা অতিরিক্ত মূলধন বাবদ আনয়ন করেন।

২৬. ২০১৬ সালে রহমান এর নিট লাভ কত?
ক) ৭০,০০০ টাকা খ) ১,১৫,০০০ টাকা
গ) ১,৮০,০০০ টাকা ঘ) ২,২০,০০০ টাকা

২৭. উক্ত বছরে রহমান যদি আরো ২০,০০০ টাকা উত্তোলন করবেন তাহলে নিট লাভে কি পরিবর্তন আসবে?
ক) ৪০,০০০ টাকা বৃদ্ধি পাবে
খ) ২০,০০০ টাকা বৃদ্ধি পাবে
গ) ২০,০০০ টাকা হ্রাস পাবে
ঘ) ৪০,০০০ টাকা হ্রাস পাবে

২৮. একটি নতুন যন্ত্রপাতির সংস্থাপন মজুরি, মজুরি হিসাবে লিপিবদ্ধ করলে হিসাববিজ্ঞানে কোন ধরনের ভুল হয়?
ক) লেখার ভুল খ) পরিপূরক ভুল
গ) করণিক ভুল ঘ) নীতিগত ভুল

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও।**
মাহিন ট্রেডার্সের প্রাপ্য হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ৫০,০০০ টাকা। সংশ্লিষ্ট বছর ধারে বিক্রয় ৮০,০০০ টাকার পণ্য। পুরাতন অনাদায়ী পাওনা সঞ্চিতির ক্রেডিট উদ্বৃত্ত ছিল ২,০০০ টাকা। প্রাপ্য হিসাবের ৪,০০০ টাকা আদায়যোগ্য নয়। প্রতিষ্ঠানটি ১০% সঞ্চিতির ব্যবস্থা করে।

২৯. সমাপনী প্রাপ্য হিসাব কত?
ক) ৫০,০০০ টাকা খ) ১,১৩,৪০০ টাকা
গ) ৮০,০০০ টাকা ঘ) ১,৩০,০০০ টাকা

৩০. অনাদায়ী পাওনা খরচের পরিমাণ কত?
ক) ১২,৬০০ টাকা খ) ১৪,৬০০ টাকা
গ) ১৬,৬০০ টাকা ঘ) ১৮,৬০০ টাকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | খ |

Teachingbd24.com